

দিল্লি সংলাপ-৯
(আসিয়ান-ভারত সম্পর্ক: পরবর্তী ২৫ বছরের জন্য কোর্স চর্চা)

জুলাই ০৩, ২০১৭

দিল্লি সংলাপ আসিয়ান ও ভারতের মধ্যে রাজনৈতিক-নিরাপত্তাজনিত, অর্থনৈতিক, সামাজিক-সাংস্কৃতিক আলোচনার জন্য একটি প্রধান বার্ষিক ট্র্যাক ১.৫ ইভেন্ট। যা ২০০৯ সাল থেকে প্রতি বছর অনুষ্ঠিত হচ্ছে।

নবম পর্বের দিল্লি সংলাপ অনুষ্ঠিত হচ্ছে নয়াদিল্লিতে, ৪-৫ জুলাই, ২০১৭। নবম দিল্লি সংলাপের বিষয় হল— ‘আসিয়ান-ভারত সম্পর্ক : পরবর্তী ২৫ বছরের জন্য কোর্স চর্চা’। উভয় পক্ষের রাজনৈতিক নেতা, নীতি নির্ধারক, উর্ধ্বতন কর্মকর্তা, কূটনীতিক, ব্যবসায়ী নেতৃবৃন্দ, চিন্তাবিদ ও শিক্ষাবিদরা আলোচনার অংশ নেবেন।

এই সংলাপের আয়োজন করেছে পররাষ্ট্র মন্ত্রক, অবজারভার রিসার্চ ফাউন্ডেশন (ওআরএফ); ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বারস অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফআইসিসিআই); দক্ষিণ এশিয়ান স্ট্যাডিজ ইনস্টিটিউট (আইএসএএস), সিঙ্গাপুর; এসএইএ গ্রুপ রিসার্চ, সিঙ্গাপুর; আসিয়ান অর্থনৈতিক রিসার্চ ইনস্টিটিউট এবং পূর্ব এশিয়া (ইআরআইএ) জাকার্তা; ইনস্টিটিউট অফ স্ট্র্যাটজিক অ্যান্ড ইন্টারন্যাশনাল স্ট্যাডিজ (আইএসআইএস), মালয়েশিয়া; ভিয়েতনামের কূটনৈতিক অ্যাকাডেমি, আন্তর্জাতিক বিষয়ক ভারতীয় কাউন্সিল (আইসিডবলুএ) এবং আসিয়ান-ভারত সেন্টারের সঙ্গে যৌথ উদ্যোগে। সহযোগিতায় ইন্ডিয়ান কাউন্সিল ফর রিসার্চ অন ইন্টারন্যাশনাল ইকনোমিক রিলেশন (আইসিআরআইআইআর); দ্য কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি (সিআইআই); দ্য অ্যাসোসিয়েট চেম্বারস অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অফ ইন্ডিয়া (অ্যাসোচেম); অল ইন্ডিয়া অ্যাসোসিয়েশন অফ ইন্ডাস্ট্রিস (এআইএআই), মুম্বই; এবং ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স (আইসিসি), কলকাতা।

৪ জুলাই মন্ত্রী পরিষদের বৈঠকে নেতৃত্ব দেবেন পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুসমা স্বরাজ। সভায় উপস্থিত থাকবেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী জেনারেল (ড.) ভি কে সিং; শ্রী সর্বানন্দ সোনওয়াল, অসমের মুখ্যমন্ত্রী; ভিয়েতনামের উপ প্রধানমন্ত্রী তথা বিদেশমন্ত্রী মহামান্য জনাব ফাম বিন মিনহ; মায়ানমারের কেন্দ্রীয় মন্ত্রী মহামান্য ইউ কিয়াছি টিন্ট সুই; আসিয়ান রাজনৈতিক নিরাপত্তা কমিটি বিভাগ, আসিয়ান সচিবালয়-এর ডেপুটি সেক্রেটারি জেনারেল মহামান্য হিরুবালান ভি পি।

এ ছাড়াও জেনারেল (ড.) ভি কে সিং ‘এশিয়ার জল, সংস্কৃতি, সামাজিক ও রাজনৈতিক সংযোগ শীর্ষক মন্ত্রী পর্যায়ের এক প্যানেল আলোচনায় অংশ নেবেন, যেখানে যোগ দেবেন মহামান্য ড. মালিকি ওসমান, সিঙ্গাপুরের প্রতিরক্ষা ও পররাষ্ট্র বিষয়ক প্রবীন প্রতিমন্ত্রী; থাইল্যান্ডের পররাষ্ট্র বিষয়ক উপ মন্ত্রী মহামান্য জনাব ভিরাসাকদি ফুতরাকুল; লাও পিডিআর-এর বিদেশ বিষয়ক ডেপুটি

মন্ত্রী মহামান্য জনাব সঞ্জয়ীত হংবুঙ্গনুয়াং; ব্রুনাই দারুসসালাম-এর ডেপুটি বিদেশ ও বাণিজ্যমন্ত্রী মহামান্য ডাতো ইরিয়ান পেহিন ইউসুফ; এবং কসোভিয়া রয়্যাল সরকারের উপদেষ্টা মহামান্য ড. সোক সিপনা।

৫ জুলাই যৌথ উদ্বোধনী অধিবেশনের পর বাণিজ্যিক এবং অ্যাকাডেমিক সেশন অনুষ্ঠিত হবে। যৌথ উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখবেন সচিব (পূর্ব) পররাষ্ট্র মন্ত্রক, এ ছাড়াও বক্তব্য রাখেন ফিকি, সিআইআই, অ্যাসোসেচম, আসিসি, এআইএআই-এর প্রেসিডেন্ট, এবং এর পর প্যানেল আলোচনার আয়োজন করা হবে নিম্নলিখিত বিষয়গুলির উপর— আন্তর্জাতিক অর্থনৈতিক বাণিজ্য এবং ভারত ও আসিয়ানের উপর প্রভাব; ভারত-আসিয়ান বাণিজ্যিক সম্পর্ক; এসএমই এবং মহিলাদের ক্ষমতায়নের জন্য আঞ্চলিক নেটওয়ার্ক তৈরি করা; ভারত-আসিয়ান অবকাঠামোগত বিনিয়োগ: বর্তমান ও ভবিষ্যতের প্রেক্ষাপট; এবং বাণিজ্য ও পর্যটনের মধ্যে সংযোগ সাধন-উত্তর পূর্ব ও পূর্বে নজর রেখে।

অ্যাকাডেমিক সেশনের আয়োজন করছে ওআরএফ, ভবিষ্যৎ পরিকল্পনার জন্য প্যানেল আলোচনা হবে নিম্নলিখিত বিষয়ে—আঞ্চলিক ভূ-রাজনীতি: এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের রাজনৈতিক জোটবন্ধন; এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের নয়া সংযোগ ব্যবস্থা; প্রযুক্তি, উদ্ভাবন ও বিগ ডেটা; এবং সামাজিক-সাংস্কৃতিক সংযোগ এবং ডিয়াসপোরা যোগাযোগ।

পরবর্তী ২৫ বছরের জন্য ভারত-আসিয়ান সম্পর্ককে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য পদক্ষেপ করা হল দিল্লি সংলাপ ৯-এর প্রধান উদ্দেশ্য।

আসিয়ানের স্থায়ী সদস্যভুক্ত দশ প্রতিনিধি দেশ এবং আসিয়ানের ১৫ জন প্রবীণ সাংবাদিক অনুষ্ঠানে যোগ দেবেন। ৪ জুলাই মন্ত্রী পরিষদের বৈঠকের বিবরণ সরকারি দেওয়া হবে ওয়েবসাইটে এবং ৫ জুলাই বাণিজ্যিক এবং অ্যাকাডেমিক সেশনের বিবরণও দেওয়া থাকবে।